দৈনিক জনকণ্ঠ
তারিখ NOV 1 1 2002
পৃষ্ঠা 2 ... 0

# বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের অক্টোবর মাসের সরকারী অনুদানের চেক হস্তান্তর

বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল, কলেজ ও মাদ্রাসা) এবং কারিগরি বেসরকারী এসএসসি (ভোকেশনাল) ও এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) শিক্ষক-কর্মচারীদের অক্টোবর, ২০০২ মাসের বেতন-ভাতার সরকারী অংশ বাবদ টাকার ২০টি চেক গত ৯ নবেম্বর অনুদান বণ্টনকারী জনতা, অগ্রণী, রূপালী, সোনালী ব্যাংক প্রধান কার্যালয়ে হস্তান্তর করা হয়েছে।

আগামী ২০ নবেম্বরের মধ্যে সংশ্লিষ্ট শাখা ব্যাংক হতে শিক্ষক-কর্মচারীদের ব্যক্তিগত ব্যাংক একাউন্ট নম্বরের মাধ্যমে বেতন-ভাতার সরকারী অংশ উত্তোলন করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অনুরোধ জানানো হয়েছে।

যে সকল শিক্ষা প্রতিষ্ঠান বা শিক্ষক-কর্মচারী চলতি অর্থবছরের (২০০২-২০০৩) বকেয়া টাকা নির্ধারিত সময়ের মধ্যে উত্তোলন করতে পারেননি তাঁরাও ব্যক্তিগত ব্যাংক একাউন্টের মাধ্যমে ঐ সময়ের টাকা এর সঙ্গে উত্তোলন করতে পারবেন। -তথ্য বিবরণীর